# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৯৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮) মসজিদে এবং ক্বিবলার দিকে থুথু নিক্ষেপ ও মসজিদে হারানো বস্তু তালাশ করা ইত্যাদির প্রতি ভীতি প্রদর্শন

## الترهيب من البصاق في المسجد وإلى القبلة ومن إنشاد الضالة فيه وغير ذلك مما يذكر هنا

---

আরবী

(صحيح لغيره) وَعَنْ كعب بن عجرة رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول: إذا توضأ أحدكم ثم خرج عامدا إلى الصلاة فلا يشبكن بين يديه فإنه في صلاة.
رواه أحمد وأبو داود بإسناد جيد والترمذي واللفظ له وابن ماجه

বাংলা

২৯৪. (সহীহ্ লি গাইরিহী) কা’ব বিন উজরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি শুনেছি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে একথা বলতেঃ ’’তোমাদের কেউ ওযু করে সালাতের ইচ্ছায় বের হলে সে যেন তার দু’হাতের আঙ্গুল সমূহকে একটি অপরটির মধ্যে প্রবেশ না করায়। কেননা তার এ অবস্থা (সালাতের জন্য গমণ করার অবস্থা) সালাতের অবস্থা বলেই গণ্য হয়।’’

(আহমাদ ৪/২৪১, উত্তম সনদে আবু দাউদ ৫৬২, তিরমিযী ৩৮৬ ও ইবনু মাজাহ্। হাদীছটির বাক্য তিরমিযী থেকে গৃহীত।)

মুসনাদে আহমাদের ১৮১৩০ অন্য রেওয়ায়াতে এসেছে। তিনি বলেনঃ

دخل علي رسول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ في المسجد وقد شبكت بين أصابعي فقال لي يا كعب إذا كنت في المسجد فلا تشبكن بين أصابعك فأنت في صلاة ما انتظرت الصلاة. ورواه ابن حبان في صحيحه بنحو هذه

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মসজিদে আমার নিকট আসলেন, তখন আমি আমার উভয় হাতের আঙ্গুল সমূহকে পরস্পরের মধ্যে প্রবেশ করিয়ে (বসে ছিলাম)। তা দেখে তিনি বললেনঃ ’’হে কা’ব তুমি যখন মসজিদে থাক তখন কখনই তোমার আঙ্গুল সমূহ পরস্পরের মধ্যে প্রবেশ করিও না। কেননা তুমি যতক্ষণ

সালাতের অপেক্ষায় থাকবে, ততক্ষণ সালাত অবস্থায় আছ বলে গণ্য হবে।”

(ইবনু হিব্বানও তাঁর [সহীহ] গ্রন্থে প্রায় এর অনুরূপই বর্ণনা করেন।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ কা‘ব ইবনু ‘উজরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88065

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন